গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

৫৭

স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০১.২৬-২৪৮

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩৩ / ১২ জুলাই, ২০২৬

**অফিস আদেশ**

বাংলাদেশ সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৬-২০৩০ পর্যন্ত সময়ে "০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ" এর কর্মপরিকল্পনা শীর্ষক অগ্রাধিকার কর্মসূচির আওতায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীদের মাধ্যমে আগামী ৫ বছরে ২ কোটি ১৫ লক্ষ বৃক্ষরোপন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

উক্ত কর্মসূচী বাস্তবায়নের নিমিত্ত মাদ্রাসা অধিদপ্তরের নিচেবর্ণিত কর্মকর্তাগণকে ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে মনোনয়ন প্রদান করা হলো।

| ক্রম | নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|
| ১ | উপ-পরিচালক (প্রশিক্ষণ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর। | ফোকালপয়েন্ট |
| ২ | সহকারী প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর। | বিকল্প ফোকালপয়েন্ট |

কমিটির কার্যপরিধি (Terms of Reference):

ক) বর্তমান সরকারের দায়িত্ব গ্রহণ থেকে (১৭ ফেব্রুয়ারী ২০২৬ খ্রি.) কী পরিমাণ বৃক্ষরোপন করা হয় তার তথ্য প্রতিসপ্তাহের ২য় কর্মদিবসের মধ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বরাবর প্রেরণ করতে হবে।

খ) প্রথম পাক্ষিকের তথ্য ১৭ তারিখের মধ্যে এবং ২য় পাক্ষিকের তথ্য পরের মাসের ৫ তারিখের মধ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বরাবর প্রেরণ করতে হবে।

গ) প্রতি মাসের তথ্য পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বরাবর প্রেরন করতে হবে।

ঘ) কমিটি সময়ে সময়ে এ সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদি সংগ্রহপূর্বক প্রেরণ করবে।

ঙ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা সময়ে সময়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে এ সংক্রান্ত অনুষ্ঠিত সভায় অংশগ্রহণ করবে।

চ) নথিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা সংরক্ষণ ও হেফাজত করবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১২/০৭/২০২৬

মোঃ শামিউল ইসলাম প্রামানিক
উপ পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২। উপসচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। উপ-পরিচালক (প্রশিক্ষণ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৪। সহকারী পরিচালক (আইন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

CamScanner